

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



ডিএফআইএম সার্কুলার লেটার নং-০১

০১ মাঘ ১৪২৯

তারিখঃ

১৫ জানুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত ফি/চার্জ/কমিশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০১, তারিখ: ০৩ এপ্রিল ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানের খণ্ড/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার পরিবর্তনে গ্রাহককে নেটিশ প্রদান এবং বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে আরোপিত ফি/চার্জ/কমিশন এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হচ্ছে। সার্কুলারের ৪ নং অনুচ্ছেদ অনুযায়ী খণ্ডচুক্তির শর্তানুসারে সুদ/মুনাফার হার পুনঃনির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দিলে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক খণ্ড/লিজের সুদ বা মুনাফার হার বৃদ্ধির যৌক্তিকতা উল্লেখপূর্বক গ্রাহককে এক মাস পূর্বে নেটিশ প্রদান এবং তা সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার বাধ্যবাধকতা রয়েছে। এরপ সুদ বা মুনাফার হার বৃদ্ধির ফলে যদি কোন গ্রাহক সুদ বা মুনাফা বৃদ্ধির তারিখ হতে এক মাসের মধ্যে কোন খণ্ড বা বিনিয়োগের অর্থ পরিশোধের মাধ্যমে চুক্তির পরিসমাপ্তি ঘটাতে চান তবে কোন মেয়াদপূর্তি পূর্ব পরিশোধ ফি আদায় করা যাবে না মর্মেও নির্দেশনা রয়েছে।

৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠান ডিএফআইএম সার্কুলার লেটার নং-০১/২০১৮ এর বিধান অনুযায়ী সুদ/মুনাফার হার পুনঃনির্ধারণের ক্ষেত্রে গ্রাহকের নেটিশ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করছে না। তাছাড়া প্রায়শই পরিলক্ষিত হচ্ছে যে, খণ্ডচুক্তির তফসিল মোতাবেক সর্বশেষ কিন্তি পরিশোধের পর গ্রাহক জানতে পারছেন তাঁর খণ্ডটি সম্পূর্ণ পরিশোধ/সমন্বয় হয়নি; প্রতিষ্ঠান কর্তৃক সুদ/মুনাফার হার পরিবর্তনের কারণে গ্রাহককে অতিরিক্ত কিন্তি/খণ্ডের দায় পরিশোধ করতে হবে। এতে গ্রাহক বিভাস্ত হচ্ছেন এবং প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের মাধ্যমে এরপ অভিযোগ নিষ্পত্তিতে ব্যর্থ হয়ে বাংলাদেশ ব্যাংকের দারস্ত হচ্ছেন, যা অনভিষ্ঠেত। এছাড়াও বিদ্যমান মেয়াদপূর্তি পূর্ব পরিশোধ ফি (Early Settlement Fee) এর হার যৌক্তিকীকরণের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়েছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, ডিএফআইএম সার্কুলার নং-০১/২০১৮ এর ৪ নং নির্দেশনাটি নিম্নরূপে প্রতিষ্ঠাপন করা হলো-

- (ক) গ্রাহক কর্তৃক মেয়াদপূর্তির পূর্বে খণ্ড/লিজ/বিনিয়োগের অর্থ পরিশোধের ক্ষেত্রে খণ্ড/লিজ/বিনিয়োগের বকেয়া স্থিতির উপর সর্বোচ্চ ১% হারে মেয়াদপূর্তি পূর্ব পরিশোধ ফি (Early Settlement Fee) আদায় করা যাবে। তবে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে প্রদত্ত খণ্ড মেয়াদপূর্তি পূর্ব সমন্বয়ের ক্ষেত্রে এরপ ফি আদায় করা যাবে না।
- (খ) গ্রাহকের সাথে সম্পাদিত খণ্ডচুক্তির আওতায় সুদ/মুনাফার হার ডিএফআইএম সার্কুলার নং-০৬/২০২২ এর মাধ্যমে নির্ধারিত সীমার মধ্যে পুনঃনির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দিলে খণ্ড/লিজ/বিনিয়োগের সুদ বা মুনাফার হার পরিবর্তনের যৌক্তিকতা উল্লেখপূর্বক ন্যূনতম এক মাস পূর্বে খণ্ডের নথিতে সংরক্ষিত সর্বশেষ হালনাগাদ যোগাযোগের ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে গ্রাহককে নেটিশ প্রদান করতে হবে এবং গ্রাহকের নেটিশ প্রাপ্তির প্রমাণক সংশ্লিষ্ট খণ্ড নথিতে সংরক্ষণ করতে হবে।
- (গ) খণ্ডচুক্তির আওতায় সুদ/মুনাফার হার হ্রাস/বৃদ্ধির কারণে প্রদেয় সংকুচিত/অতিরিক্ত অর্থ পরবর্তী কিন্তিসমূহের সাথে সমন্বয় করতে হবে এবং গ্রাহককে নতুন পরিশোধসূচী প্রদান করতে হবে।
- (ঘ) সুদ বা মুনাফার হার হ্রাস/বৃদ্ধির কারণে যদি কোন গ্রাহক সুদ বা মুনাফার হার পুনঃনির্ধারণের তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে কোন খণ্ড/লিজ/বিনিয়োগের অর্থ সম্পূর্ণ পরিশোধের মাধ্যমে চুক্তির পরিসমাপ্তি ঘটাতে চান সেক্ষেত্রে কোন মেয়াদপূর্তি পূর্ব পরিশোধ ফি (Early Settlement Fee) আদায় করা যাবে না।

৫। ডিএফআইএম সার্কুলার নং-০১/২০১৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমিনুর উদ্দিন)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮